



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৪

তারিখঃ ০৮/০১/১৮খ্রিঃ

বিষয়ঃ সুফলভোগীদের অস্পষ্ট ছবি পরিবর্তন ও মোবাইল নম্বর সংশোধন/প্রতিস্থাপন সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প এবং অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে প্রকল্পের সকল কার্যক্রম পরিচালিত হয়। প্রকল্পের মেয়াদ আগামী জুন/২০১৮খ্রিঃ শেষ হচ্ছে। প্রকল্পের “২য় পর্যায়” অনুমোদনের ক্ষেত্রে “১ম পর্যায়ের” কার্যক্রম মূল্যায়নের বিষয়টি গুরুত্বপূর্ণ। অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সুফলভোগীদের ছবিসহ প্রকল্পের কার্যক্রম পর্যবেক্ষনের সুযোগ রয়েছে। প্রকল্প দপ্তর থেকে দৈবচয়নের ভিত্তিতে সুফলভোগীদের ছবি যাচাইকালে দেখা গেছে প্রায় সমিতিতে ২০-৩০% ছবি অস্পষ্ট। সফটওয়্যারে ডাটা এন্ট্রির সময় কোন কোন সদস্যের অস্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/দ্বৈত ছবি আপলোড করা হয়েছে যা অনাকাঙ্ক্ষিত। তাই এ অবস্থা থেকে পরিত্রানের জন্য প্রকল্পের এআরডিওগণ সমিতিওয়ারী সুবিধাভোগীদের ছবি যাচাই করবেন এবং অস্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/দ্বৈত ছবি থাকলে তা চিহ্নিত করবেন; এক্ষেত্রে অস্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/ দ্বৈত ছবির স্থলে সদ্যতোলা উন্নত রেজুলেশনের রঞ্জিণ ছবি প্রতিস্থাপন করে আগামী ৩০/০১/১৮খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

উপজেলাঃ

জেলাঃ

ক্রঃ নং	সমিতির নাম	সমিতির কোড নং	সদস্য সংখ্যা	অস্পষ্ট রঞ্জিণ ছবির সংখ্যা	সাদাকালো ছবির সংখ্যা	দ্বৈত ছবির সংখ্যা	স্পষ্ট ছবির সংখ্যা	প্রতিস্থাপিত ছবির সংখ্যা	মন্তব্য

২। সমিতি/সদস্য পর্যায়ে প্রকল্পের আর্থিক লেনদেনে শতভাগ স্বচ্ছতা নিশ্চিতকরনের লক্ষ্যে সুফলভোগীদের মোবাইল নম্বরে ক্ষুদেবার্তা(এসএমএস) প্রেরনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে; এক্ষেত্রে সদস্যের নির্ভুল মোবাইল নম্বর থাকা প্রয়োজন। তাই যে সকল সদস্যের মোবাইল নম্বর ভুল কিংবা পরিবার বহির্ভূত অন্যের নম্বর এন্ট্রি দেয়া হয়েছে তা যাচাই-বাছাইপূর্বক সংশোধন এবং যথাসম্ভব সদস্যের নিজের নম্বর প্রতিস্থাপন করতে হবে (নিজের নম্বর না থাকলে পরিবারের অন্য সদস্যের মোবাইল নম্বর এন্ট্রি দেয়া যাবে)।

উপরোক্ত নির্দেশনাসমূহ পরিপালনে ব্যর্থ প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বেতন-ভাতা বন্ধসহ বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)

উপজেলা -----

জেলা-----।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

অনুলিপি প্রেরন করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি, জেলাঃ-----।(প্রকল্পভুক্ত ১৫ জেলা)

২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা-----, জেলা-----।

৫. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা

৬. অফিস নথি।

তারিখঃ ০৮/০১/১৮খ্রিঃ

আল-আমিন
সহকারী পরিচালক(উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।